# মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।

(পেট্রোবাংলার একটি কোম্পানি)



## মাসিক অগ্রগতির প্রতিবেদন

## Monthly Progress Report

ফেব্রুয়ারী-২০২৬


প্রধান কার্যালয় : মধ্যপাড়া,পার্বতীপুর, দিনাজপুর

লিয়াজোঁ অফিস: পেট্রোসেন্টার (১৪ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫

## সূচীপত্র

কোম্পানির সার্বিক কার্যক্রম (মাস ভিত্তিক)


| ক্রমিক নং | বিষয়বস্তু | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | ভুমিকা | | ৪ |
| | ১.১ | কোম্পানি পরিচিতি | ৪ |
| | ১.২ | পটভূমি | ৬ |
| ২ | ইউজিওএন্ডএম ডিভিশন | | ৭ |
| | ২.১ | বছর ভিত্তিক পাথর উৎপাদনের পরিসংখ্যান | ৭ |
| | ২.২ | বর্তমান চুক্তি অনুযায়ী ফেব্রুয়ারী,২০২৬ মাসে গ্রানাইট পাথর উৎপাদন ও রোডওয়ে নির্মাণের বিবরণ | ৭ |
| | ২.৩ | ফেব্রুয়ারী,২০২৬ মাসের ভূ-গর্ভের কর্মকান্ডের সংক্ষিপ্ত প্রতিবেদন | ৭ |
| | ২.৪ | কোম্পানির Environment & Safety বিষয়ক প্রতিবেদন | ৮ |
| ৩ | পিইপিএন্ডএম ডিভিশন | | ১১ |
| | ৩.১ | ভবিষ্যৎ পরিকল্পনা | ১১ |
| | ৩.২ | সর্বশেষ সম্পাদিত মধ্যপাড়া খনির সম্প্রসারণের নিমিত্ত গৃহীত ফিজিবিলিটি স্টাডি প্রকল্প হতে প্রাপ্ত ফলাফলের উপর গৃহীত পদক্ষেপের বর্তমান অবস্থা | ১১ |
| | ৩.৩ | পরিবেশ অধিদপ্তর সংশিষ্ট কার্যক্রম | ১১ |
| | ৩.৪ | পরিবেশগত ছাড়পত্র নবায়ন | ১২ |
| | ৩.৫ | ইএন্ডজি শাখার ফেব্রুয়ারী,২০২৬ মাসের উল্লেখযোগ্য কার্যক্রম | ১২ |
| | ৩.৬ | গ্রানাইট পাথর বিক্রয়ের পরিমাণ | ১৪ |
| | ৩.৭ | ফেব্রুয়ারী,২০২৬ মাসে পাথর বিক্রয়ের বিবরণী | ১৪ |
| | ৩.৮ | পাথর বিক্রয় ত্বরান্বিতকরণের লক্ষ্যে মার্কেটিং ও সেলস্ বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ | ১৪ |
| ৪ | এসওএন্ডএম ডিভিশন | | ১৬ |
| | ৪.১ | পাথরের মজুদ ও স্ট্যাকইয়ার্ডের ধারণ ক্ষমতা সংক্রান্ত বিবরণী | ১৬ |
| | ৪.২ | সারফেস ইলেকট্রিক্যাল অপারেশন সংক্রান্ত বিবরণী | ১৭ |
| | ৪.৩ | আইসিটি এন্ড টেলিকমিউনিকেশন সংক্রান্ত গৃহীত কার্যক্রমের বিবরণী | ১৮ |

| | | | |
|---|---|---|---|
| ৫ | কোম্পানির প্রশাসনিক কার্যক্রম | | ১৯ |
| | ৫.১ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য | ১৯ |
| | ৫.২ | বছর ভিত্তিক কোম্পানির মোট জনবলের পরিসংখ্যান | ১৯ |
| | ৫.৩ | জনবল নিয়োগ সংক্রান্ত তথ্য | ২০ |
| | ৫.৪ | আত্মীকরণ/অবসর গ্রহণ/শোক সংবাদ/বরখাস্ত/চাকুরী হতে ইস্তফা | ২০ |
| | ৫.৫ | কোম্পানির নিরাপত্তা বিষয়ের উপর গৃহীত কার্যক্রম | ২০ |
| ৬ | কোম্পানি সচিবালয় | | ২২ |
| | ৬.১ | পরিচালক পর্ষদ সংক্রান্ত কার্যাবলী | ২২ |
| | ৬.২ | এস্টেট, ল এন্ড শেয়ার কার্যক্রমের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য | ২২ |
| ৭ | আর্থিক কার্যক্রম | | ২৩ |
| | ৭.১ | আয় ও ব্যয় বিবরণী | ২৪ |
| | ৭.২ | রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী | ২৫ |
| | ৭.৩ | নগদ তহবিলের অবস্থার বিবরণী | ২৬ |
| ৮ | বিবিধ | | ২৭ |
| | ৮.১ | কোম্পানির ই-গভর্ন্যান্স সংক্রান্ত তথ্য | ২৭ |
| | ৮.২ | ব্যবহৃত ইমেইল এড্রেস সমূহ | ২৯ |
| | ৮.৩ | কোম্পানির অডিট সংক্রান্ত তথ্য | ৩৩ |

# ১) ভূমিকা

## ১.১) কোম্পানি পরিচিতি:

| | | |
|---|---|---|
| ১। নাম ও প্রতিষ্ঠাকাল | : | মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল), ০৪-০৮-১৯৯৮ খ্রিস্টাব্দ |
| ২। নিবন্ধন নং | : | 4-R-165 |
| ৩। প্রধান কার্যালয় | : | মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর। |
| ৪। তত্ত্বাবধায়ক | : | বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) |
| ৫। প্রশাসনিক মন্ত্রণালয় | : | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| ৬। অনুমোদিত মূলধন | : | ৩৫০,০০,০০,০০০.০০ টাকা (মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন অনুযায়ী) |
| ৭। পরিশোধিত মূলধন | : | ১,৭৫,০০,৭০০.০০ টাকা |
| ৮। শেয়ারের সংখ্যা | : | ১,৭৫,০০৭ |
| ৯। বরাদ্দকৃত শেয়ারের সংখ্যা | : | ১,৭৫,০০৭ |
| ১০। রূপকল্প | : | দেশের অবকাঠামো নির্মাণে মানসম্মত গ্রানাইট পাথর নির্মাণ সামগ্রী হিসাবে সরবরাহ করাসহ পরিবেশবান্ধব উন্নয়নে অবদান রাখা এবং দেশের প্রাকৃতিক সম্পদের বহুমুখী ব্যবহার নিশ্চিত করা। |
| ১১। অভিলক্ষ্য | : | ভূ-গর্ভস্থ খনি হতে প্রাকৃতিক গ্রানাইট পাথরের আহরণ ও উৎপাদন ত্বরান্বিত করা। দেশের সকল প্রান্তে গ্রানাইট পাথর সরবরাহ নেটওয়ার্ক বৃদ্ধি এবং অবকাঠামো নির্মাণ কার্যক্রমে অংশগ্রহণ করা। নির্মাণ সামগ্রীর সম্পূরক বস্তু হিসাবে গ্রানাইট পাথরের অনুসন্ধান, উন্নয়ন এবং পরিবেশবান্ধব গ্রানাইট পাথরের ব্যবহার বৃদ্ধি করা। |
| ১২। কোম্পানি গঠন | | কোম্পানি আইন ১৯১৩ এর Section103(1)(a) to (d) ধারা বলে ০১/০১/১৯৯৮ ইং তারিখে জয়েন্ট স্টক কোম্পানিতে (মধ্যপাড়া হার্ডরক মাইনিং কো: লি:) নামে একটি পাবলিক লিমিটেড কোম্পানি গঠন করা হয়। পরবর্তীতে কোম্পানি আইনের Section II, Sub Section (5) , Act = vii, 1913 ধারা বলে কোম্পানির নাম পরিবর্তন করে ''মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড'' হিসেবে অন্তর্ভুক্ত হয়। |
| ১৩। সংরক্ষিত শেয়ার | | ০৭ (সাত) টি (পেট্রোবাংলা চেয়ারম্যান, পাঁচজন পরিচালক এবং সচিব, পেট্রোবাংলা) |
| ১৪। পরিচালনা পর্ষদ | | কোম্পানি আইন অনুযায়ী পরিচালনা পর্ষদ গঠন করা হয় এবং পর্ষদের নির্দেশনা অনুযায়ী এর যাবতীয় কার্যক্রম পরিচালিত হচ্ছে। |
| ১৫। কোম্পানির পরিচালক মন্ডলীর সদস্য সংখ্যা | | ০৭ জন |

| | | |
|---|---|---|
| ১৬। কোম্পানির পরিচালক মন্ডলীর প্রথম সভা | | ০৩-১০-১৯৯৮ |
| ১৭। কোম্পানির ১ম বার্ষিক সাধারণ সভা | | ০১-০২-২০০০ |
| ১৮। বাণিজ্যিক উৎপাদন শুরু | | ২৫-০৫-২০০৭ |
| ১৯। কোম্পানির উৎপাদিত পণ্য | | কঠিন শিলা (০০-০৫ মি.মি./স্টোন ডাস্ট; ৫-২০ মি, মি.; ২০-৪০ মি.মি , ৪০-৬০ মি.মি,; ৬০-৮০ মি. মি; ২৫০ মি.মি. উর্ধ্বে বোল্ডার , ফাইন ডাস্ট) |
| ২০। Email | | info@mgmcl.gov.bd<br>dlo@mgmcl.gov.bd |
| ২১। Website | | www.mgmcl.gov.bd |

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

## ১.২) পটভূমি:

বাংলাদেশ ভূ-তাত্তিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ১৯৭৪ সালে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার মধ্যপাড়া এলাকায় ভূ-গর্ভের ১২৮-১৩৬ মিঃ গভীরতায় গ্রানাইট পাথরের সন্ধান লাভ করে। পরবর্তীতে মেসার্স এসএনসি, লিমিটেড কানাডা কর্তৃক ১৯৭৭ সালে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন এবং মেসার্স নিপ্পন কোই, জাপান কর্তৃক আর্থিক ও মার্কেট সমীক্ষা পরিচালনা করা হয়। সমীক্ষা সমূহে মধ্যপাড়ায় একটি ভূ-গর্ভস্থ খনি বাস্তবায়ন কারিগরি ও অর্থনৈতিক ভাবে লাভজনক বলে প্রতিয়মান হওয়ায় ১৯৯২ সালে বাংলাদেশ এবং উত্তর কোরীয় সরকারের মধ্যে অর্থনৈতিক, কারিগরি, বৈজ্ঞানিক ও বাণিজ্যিক বিষয়ে একটি দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের ধারাবাহিকতায় মধ্যপাড়া গ্রানাইট পাথর খনি প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এবং উত্তর কোরীয় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স কোরিয়া সাউথ-সাউথ কো-অপারেশন কর্পোরেশন (নামনাম) এর মধ্যে ২৭ মার্চ ১৯৯৪ তারিখে সাপ্লায়ার্স ক্রেডিট এর আওতায় একটি টার্ণকি চুক্তি স্বাক্ষরিত হয়। ২০শে অক্টোবর, ১৯৯৪ সালে তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মধ্যপাড়ায় আগমন করেন এবং খনি উন্নয়ন কাজ উদ্বোধন করেন। চুক্তি অনুযায়ী ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স নামনাম সেপ্টেম্বর ১৯৯৪ সাল হতে মধ্যপাড়া কঠিন শিলা প্রকল্পের কাজ শুরু করে। প্রতিদিন তিন শিফটে ৫,৫০০ মেট্রিক টন গ্রানাইট পাথর উত্তোলনের জন্য মধ্যপাড়া খনি ডিজাইন করা হয়। প্রকল্পটি মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) হিসাবে ০৪ আগস্ট ১৯৯৮ তারিখ নিবন্ধিত হয়। এমজিএমসিএল-এর অনুমোদিত মূলধন ৩৫০,০০,০০,০০০.০০ টাকা এবং পরিশোধিত মূলধন ১,৭৫,০০,৭০০.০০ টাকা। জুলাই ২০০১ সালের মধ্যে প্রকল্প সমাপ্তির সময় নির্ধারিত থাকলেও নামনাম ২৫ মে ২০০৭ সালে খনিটি এমজিএমসিএল-এর নিকট হস্তান্তর করে। এমজিএমসিএল ২৫ মে ২০০৭ হতে নভেম্বর ২০১৩ পর্যন্ত এক শিফটে সীমিত পরিসরে নিজস্ব ব্যবস্থাপনায় খনি পরিচালনা করে।

পরবর্তীতে দেশের ক্রমবর্ধনশীল ভৌত অবকাঠামো নির্মাণে গ্রানাইট পাথর ব্যবহার বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে খনির উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধি করার লক্ষ্যে "Management of Operation and Development, Production, Maintenance and Provisioning Services of Maddhapara Hard Rock Mine" শীর্ষক চুক্তি স্বাক্ষরের প্রয়োজনীয়তা দেখা দেয়। এরই ধারাবাহিকতায় মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড এবং জার্মানীয়া-ট্রেষ্ট কনসোর্টিয়াম (জিটিসি) এর মধ্যে ২ সেপ্টেম্বর ২০১৩ তারিখে ৬ বছর মেয়াদী বৈদেশিক ও স্থানীয় মুদ্রায় ১৭১.৮৬ মিলিয়ন মার্কিন ডলার (১,৪০০ কোটি টাকা প্রায়) মূল্যমানের একটি চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে ২০.০২.২০২০ তারিখে একটি সাইড লেটার এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। ১ম চুক্তি ০২-০৯-২০২১ তারিখে শেষ হলে মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) এবং জার্মানিয়া ট্রেস্ট কনসোর্টিয়াম (জিটিসি)- এর মধ্যে পুনরায় ছয় (৬) বছর মেয়াদি একটি চুক্তি (Contract No. MGMCL/GTC/ROCK/ 2021-27) গত ২৮-০৯-২০২১ তারিখে স্বাক্ষরিত হয় যা ০৩-০৯-২০২১ তারিখ হতে কার্যকর হয়। ২য় মেয়াদে EPC চুক্তির আওতায় জিটিসি ০৩-০৯-২০২১ তারিখ হতে ৩০-০৬-২০২৫ তারিখ পর্যন্ত মোট ৪৪,৩৭,৬০০.৪১ মেট্রিক টন পাথর উৎপাদন করে। জিটিসি বর্তমানে উক্ত চুক্তির আওতায় পাথর উৎপাদন কার্যক্রম ও খনি উন্নয়ন কার্যক্রম অব্যাহত রেখেছে।

## ২) ইউজিওএন্ডএম ডিভিশন

### ২.১) বছর ভিত্তিক পাথর উৎপাদনের পরিসংখ্যান:

| অর্থবছর | উৎপাদন (মেট্রিক টন) |
|---|---|
| ২০২০-২০২১ | ১০,১৭,০৩০.৮৩ |
| ২০২১-২০২২ | ৯,৬৩,৬২৮.০৮ |
| ২০২২-২০২৩ | ১০,৬৩,৩৩২.৩৭ |
| ২০২৩-২০২৪ | ১৩,১৫,৫০০.২৯ |
| ২০২৪-২৫ | ১২,৭০,০৬৭.১৩ |
| ২০২৫-২৬ (ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত) | ১০,২৫,৩৫০.২০ |

### ২.২) বর্তমান চুক্তি অনুযায়ী ফেব্রুয়ারি, ২০২৬ মাসে গ্রানাইট পাথর উৎপাদন ও রোডওয়ে নির্মাণের বিবরণ:

| মাসের নাম | গ্রানাইট পাথর উৎপাদন (মেট্রিক টন) | রোডওয়ে নির্মাণ (মিটার) |
|---|---|---|
| ফেব্রুয়ারি, ২০২৬ | ১,০০,২১৪.১৪ | ৩৩৯.৪০ |

### ২.৩) ফেব্রুয়ারি, ২০২৬ মাসের ভু-গর্ভের কর্মকান্ডের সংক্ষিপ্ত প্রতিবেদন:

| ক্রম | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | খনি হতে গ্রানাইট পাথর উৎপাদনের পরিমাণ | ১,০০,২১৪.১৪ মেট্রিক টন |
| ২. | রোডওয়ে উন্নয়ন | ২৮৫.৩০ মিটার |

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

জিটিসি'র সাথে স্বাক্ষরিত চুক্তির ৪র্থ বছরের Program Schedule অনুযায়ী স্টোপ উন্নয়ন লক্ষ্যমাত্রা রয়েছে ০২টি (স্টোপ নং-২২ ও স্টোপ নং-২৩)। স্টোপ সমূহের ফ্রি স্পেসে রেইজ উন্নয়নের কাজ চলছে। বর্তমানে স্টোপ নং-১৪, ১৫, ১৬, ১৭ ও ২১ হতে পাথর উৎপাদন হচ্ছে।

### ২.৪ কোম্পানির Environment & Safety বিষয়ক তথ্যাদি:

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড এর আওতাধীন ভূ-উপরিস্থ স্থাপনাসমুহের সরেজমিন অবস্থা ও গৃহিত ব্যবস্থার স্থাপনা ভিত্তিক বর্ণনা নিম্নে প্রদান করা হলো:

**<u>১। পরিবেশ সম্পর্কিত সরেজমিন বর্তমান অবস্থা ও গৃহীত ব্যবস্থা:</u>**

| | | |
|---|---|---|
| ১ক. | স্থাপনার নাম | বিদ্যুৎ উপকেন্দ্র- (৩৩/৬.৬ কেভি, ১০×২ এমভিএ) পরিবেশ দূষনের সম্ভবনা নেই। |
| ১খ. | স্থাপনার নাম | Skip Tower ও Skip Control room - পরিবেশ দূষনের সম্ভাবনা নেই। |
| ১গ. | স্থাপনার নাম | Cage Tower ও Cage Control room - পরিবেশ দূষনের সম্ভাবনা নেই। |
| ১ঘ. | স্থাপনার নাম | Crushing & Sorting plan – গ্রানাইট / কঠিন শিলা Crushing করার সময় *সৃষ্ট Dust, Dust Collector-এর মাধ্যমে সংগ্রহ করে পানি স্প্রে এর মাধ্যমে Precipitation Pool-এর Pond -এ জমা হয়। উক্ত মিহি ডাস্ট মিশ্রিত পানি সেচ কাজের অনুপযোগী।* জমাকৃত Dust পরবর্তীতে বিক্রি করা হয়। এতে পরিবেশ দূষনের সম্ভবনা নেই। |
| ১ঙ. | স্থাপনার নাম | জেনারেটর হাউজ -৪ এমভিএ ক্ষমতা সম্পন্ন চারটি জেনারেটর রয়েছে (১২৫০×২ কেভিএ, ৭৫০×২ কেভিএ)।<br><br>জরুরী প্রয়োজনে জেনারেটর চলাকালীন সময়ে জেনারেটর হতে নির্গত ধোঁয়া ২৬ ফিট দীর্ঘ Exhaust Pipe এর মাধ্যমে উর্ধ্ব আকাশে প্রেরণ করা হয়। যথাযথ ফুয়েল ও লুব্রিকেন্ট ব্যবহার এবং যথযযথ পরিচালনার কারনে Incomplete Combustion এড়ানোর জন্য ইঞ্জিনের যথযযথ maintenance নিশ্চিত করায় পরিবেশ দূষন সহনীয় পর্যায়ে রয়েছে। |
| ১চ. | স্থাপনার নাম | কম্প্রেসর হাউজ -এখানে মোট সাতটি কম্প্রেসর রয়েছে, যার প্রত্যেকটির ক্ষমতা 103 $m^3$/min. কম্প্রেসর সমূহ হতে 6 Bar প্রেসারে নির্গত কম্প্রেসড এয়ার পাইপ নেটওয়ার্কের মাধ্যমে প্রবাহিত করে শিলা উৎপাদন কাজে সংশ্লিষ্ট Pneumatic যন্ত্রসমূহ চালিত হয়। এতে পরিবেশ দুষনের সম্ভবনা নেই। |
| ১ছ. | স্থাপনার নাম | Main Ventilation Fan – ভূ-গর্ভে বিশুদ্ধ বায়ুর প্রবাহ নিশ্চিত করা এবং ভূ-অভ্যন্তরস্থ দূষিত বায়ু নিষ্কাশন করার জন্য স্কিপ শ্যাফট এর মুখে ১০০ $m^3$/sec ক্ষমতা সম্পন্ন ০২ টি Ventilation Fan (6.6KV, 400KW) স্থাপন করা হয়েছে। ভূ-গর্ভের দূষিত বায়ু ৪৫ ডিগ্রি এ্যাংগেলে ৬৬ ফিট দীর্ঘ Exhaust Pipe -এর মাধ্যমে উর্ধাকাশে প্রেরন করা হয়। এর ফলে পরিবেশের ক্ষতির সম্ভাবনা নেই। |
| ১জ. | স্থাপনার নাম | প্রধান অফিস ভবন –এতে পরিবেশ দূষনের সম্ভাবনা নাই। |
| ১ঝ. | স্থাপনার নাম | ওয়েলফেয়ার ভবন -এই ভবনে অত্র কোম্পানীর কর্মকর্তা / কর্মচারী এবং ঠিকাদার Germania Trest Consortium *কর্তৃক নিয়োজিত কর্মীগণ ভূ-গর্ভের কাজ শেষে ডাস্ট, তৈল, মবিল ও গ্রীজ সম্বলিত কাপড় ও শরীর ওয়াস রুমে পরিস্কার পরিচ্ছন্ন করে। ওয়াস রুমের এই অপরিচ্ছন্ন পানি Bath Water Treatment Plan এর মাধ্যমে পরিশোধন করে ড্রেইনে নিষ্কাশন করা হয়। যার জন্য পরিবেশের উপর বিরূপ প্রভাব নেই।* |
| ১ঞ. | স্থাপনার নাম | Explosive Magazine House - এতে পরিবেশ দূষনের সম্ভাবনা নাই। |

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

২। পেশাগত স্বাস্থ্য (Occupational Health) ব্যবস্থাপনা ও বর্তমান অবস্থাঃ

| | | |
|---|---|---|
| ২ক. | স্থাপনার নাম | বিদ্যুৎ উপকেন্দ্র- বিদ্যুৎ অপরিবাহী জুতা (রাবারের জুতা), বিদ্যুৎ অপরিবাহী হ্যান্ড গ্লোভস ও সেফটি হেলমেট ব্যবহার করা হয়। Occupational Health -এর কোন সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি । |
| ২খ. | স্থাপনার নাম | Crushing & Sorting Plan- সেফটি হেলমেট, ডাস্টমাস্ক, সেফটি বেল্ট, গামবুট, এয়ারপ্লাগ, হ্যান্ড গ্লোভস ইত্যাদি সেফটি সামগ্রী ব্যবহার করা হয়। Occupational Health -এর কোন সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি। |
| ২গ. | স্থাপনার নাম | Skip Control room- বিদ্যুৎ অপরিবাহী জুতা (রাবারের জুতা), বিদ্যুৎ অপরিবাহী হ্যান্ড গ্লোভস ও সেফটি হেলমেট ব্যবহার করা হয়। Occupational Health -এর সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি। |
| ২ঘ. | স্থাপনার নাম | Cage Control room- বিদ্যুৎ অপরিবাহী জুতা (রাবারের জুতা), বিদ্যুৎ অপরিবাহী হ্যান্ড গ্লোভস ও সেফটি হেলমেট ব্যবহার করা হয়। Occupational Health -এর কোন সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি। |
| ২ঙ. | স্থাপনার নাম | জেনারেটর হাউজ- Crushing & Sorting Plan- সেফটি হেলমেট, গামবুট, এয়ারপ্লাগ, হ্যান্ড গ্লোভস ইত্যাদি সেফটি সামগ্রী ব্যবহার করা হয়। Occupational Health -এর সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি। |
| ২চ. | স্থাপনার নাম | কম্প্রেসর হাউজ- বিদ্যুৎ অপরিবাহী জুতা (রাবারের জুতা), বিদ্যুৎ অপরিবাহী হ্যান্ড গ্লোভস, এয়ারপ্লাগ ও সেফটি হেলমেট ব্যবহার করা হয়। Occupational Health -এর কোন সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি। |
| ২ছ. | স্থাপনার নাম | Main Ventilation Fan- বিদ্যুৎ অপরিবাহী জুতা (রাবারের জুতা), বিদ্যুৎ অপরিবাহী হ্যান্ড গ্লোভ্ এয়ারপ্লাগ ও সেফটি হেলমেট ব্যবহার করা হয়। Occupational Health -এর কোন সমস্যা এখন পর্যন্ত পাওয়া যায়নি। |

৩। সেফটি বিষয়ক সরেজমিন বর্তমান অবস্থা ও গৃহীত ব্যবস্থাঃ

| | | |
|---|---|---|
| ৩ক. | স্থাপনার নাম | বিদ্যুৎ উপকেন্দ্র, Main Ventilation Fan ও জেনারেটর হাউজ - সেফটি সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষন করে সেফটি বিষয়ে নির্দেশনা প্রদান করা এবং সেফটি সামগ্রী ব্যবহার নিশ্চিত করা হয়। অগ্নি নির্বাপক সামগ্রীর কার্যকারিতার বর্তমান অবস্থা পরীক্ষা করা হয়। |
| ৩খ. | স্থাপনার নাম | Skip Control room ও Cage Control room Safety সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে পর্যবেক্ষণ করে সেফটি বিষয়ে নির্দেশনা প্রদান করা, নিরাপত্তা বিষয়ক চিত্রাবলী যথা স্থানে সংরক্ষণ করা এবং অগ্নি নির্বাপক সামগ্রীর কার্যকারিতা পরীক্ষা করা হয়। |
| ৩গ. | স্থাপনার নাম | ওয়েলফেয়ার ভবন - Safety সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে উক্ত ভবনে স্থাপিত Fire Alarm System, Bath Water Treatment Plant- এর কার্যকারিতা পরীক্ষা করা এবং নিরাপত্তা বিষয়ক চিত্রাবলী ও অনুসরণীয় নিরাপত্তা বিষয়ক নির্দেশনাবলী যথাযথ স্থানে সংরক্ষণ করা এবং ভূ-গর্ভে গমনকারী কর্মকর্তা/কর্মচারি, ঠিকাদার Germania Trest Consortium কর্তৃক নিয়োজিত কর্মীগণের সেফটি সামগ্রী ব্যবহার নিশ্চিত করনের লক্ষ্যে নিয়মিত পর্যবেক্ষন করা হয়। |
| ৩ঘ. | স্থাপনার নাম | Explosive Magazine House - বিস্ফোরক বিধিমালা ২০০৪ অনুসরণ করে Explosive, Detonator, Power Gel সহ অন্যান্য বিস্ফোরক দ্রব্য যথাযথ ভাবে সংরক্ষণ ও হ্যান্ডেল করা এবং Lighting Arrestor ও অগ্নি নির্বাপক সামগ্রীর কার্যকারিতা পরীক্ষা ও পর্যবেক্ষণ করা হয়। |

৪। বিতরণ নেটওয়ার্ক ও রাইজার এবং গ্রাহক আঙ্গিনাতে গ্যাস লিকেজের বিভাগ (Department) ভিত্তিক সংক্ষিপ্ত তথ্যাবলী নিম্নে প্রদান করা হলো

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

(শুধু মাত্র বিতরণ কোম্পানীসমূহের জন্য প্রযোজ্য):

৪ক. বিভাগের নাম প্রযোজ্য নয়

৪খ. বিভাগের নাম প্রযোজ্য নয়

৫। বিদ্যমান গ্যাস পাইপ লাইন প্রতিস্থাপনের বর্ণনা: প্রযোজ্য নয়

৬। সম্ভাব্য দুর্ঘটনা এড়ানোর জন্য গৃহীত ব্যবস্থা: Personal Protective Equipment (PPE) যেমনঃ সেফটি হেলমেট, ডাস্টমাস্ক, সেফটি বেল্ট, গামবুট, এয়ারপ্লাগ, রাবার হ্যান্ড গ্লোভস, কটন হ্যান্ড গ্লোভস ইত্যাদি কোম্পানীর ঠিকাদার Germania Trest Consortium (GTC) কর্তৃক সরবারহ করা হচ্ছে এবং এ গুলোর ব্যবহার বাধ্যতামূলক করণের বিষয়টি এমজিএমসিএল ও GTC -এর Safety সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষনের মাধ্যমে নিশ্চিত করা হয়। নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কেইজ শ্যাফট ও ওয়েলনফেয়ার বিল্ডিং সহ অন্যান্য স্থাপনায় নিরাপত্তা বিষয়ক চিত্রাবলী ও অনুসরণীয় নিরাপত্তা বিষয়ক নির্দেশনাবলীর প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা করা হচ্ছে। নিরাপদে বিস্ফোরক ব্যবহার ও হ্যান্ডেলিং এর জন্য বিস্ফোরক বিধিমালা ২০০৪ এবং GTC কর্তৃক পরিচালিত কর্মীদের নিরাপত্তার জন্য মাইন রেগুলেশন অন লেবার সেফটি এন্ড ম্যানেজমেন্ট সহ International Mining/Engineering Practices অনুসরণ করা হচ্ছে।

৭। দুর্ঘটনা সম্বলিত তথ্যাবলীর সারসংক্ষেপ: ফেব্রুয়ারি, ২০২৬ মাসে অত্র কোম্পানিতে কোন দুর্ঘটনা সংঘঠিত হয়নি।

## ৩) পিইপিএন্ডএম ডিভিশন

**৩.১) ভবিষ্যৎ পরিকল্পনা:**

মধ্যপাড়া খনি এলাকা সম্প্রসারণের মাধ্যমে পাথর উৎপাদন বৃদ্ধি যাচাইয়ের জন্য ২০১৯ সালে একটি সমীক্ষা প্রকল্প সম্পন্ন করা হয়। সমীক্ষা প্রতিবেদন মোতাবেক সমীক্ষাকৃত ২.২৫ বর্গকিলোমিটার এলাকায় বার্ষিক ৩.৩ মিলিয়ন মেট্রিক টন গ্রানাইট পাথর উৎপাদন ক্ষমতার একটি ভূ-গর্ভস্থ নতুন খনি বাস্তবায়ন করা সম্ভব হবে।

**৩.২) সর্বশেষ সম্পাদিত মধ্যপাড়া খনির সম্প্রসারণের নিমিত্ত গৃহীত ফিজিবিলিটি স্টাডি প্রকল্প হতে প্রাপ্ত ফলাফলের উপর গৃহীত পদক্ষেপের বর্তমান অবস্থা:**

মধ্যপাড়া খনি এলাকা সম্প্রসারণের মাধ্যমে স্লাব আকারে পাথর উত্তোলন ও পাথর উৎপাদন বৃদ্ধির সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে ২০১৯ সালে সম্পন্ন সমীক্ষা প্রকল্পের প্রতিবেদন অনুযায়ী ভূ-অভ্যন্তরের পাথরে অসংখ্য ফ্রাকচার/ফিসার থাকায় স্লাব আকারে পাথর উত্তোলন করা Feasible হবে না তবে সমীক্ষাকৃত ২.২৫ বর্গকিলোমিটার এলাকায় দৈনিক ১১,০০০ মেট্রিক টন অর্থাৎ বার্ষিক ৩৩ লক্ষ মেট্রিক টন পাথর উৎপাদন ক্ষমতার একটি ভূ-গর্ভস্থ নতুন খনি বাস্তবায়ন করা সম্ভব হবে। ০১-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত এমজিএমসিএল এর ৩১৮ তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড-এর ২য় ফেজ তথা নতুন খনির উন্নয়ন বিষয়ে উদ্যোগ গ্রহণের নীতিগত অনুমোদনের লক্ষ্যে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে ১৬-০৬-২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। এমজিএমসিএল এর উক্ত পত্রের প্রেক্ষিতে ২৬-০৬-২০২৫ তারিখে পেট্রোবাংলা কর্তৃক এমজিএমসিএল এর ৩১৮তম পর্ষদ সভায় কমিটি গঠন করে আর্থিক বিশ্লেষণ (Financial Analysis) করার যে নির্দেশনা প্রদান করা হয় তার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতঃ নতুন খনি উন্নয়নের লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণের জন্য এমজিএমসিএল কে অনুরোধ করা হয়। ৩১৮তম পর্ষদ সভার সিদ্ধান্তের আলোকে এমজিএমসিএল-এর দপ্তর আদেশ নং: ২৮.১৭.০০০০.০০০.২১২.২৪.০০০১.২০.২৭৬; তারিখ: ২৫-০৬-২০২৫ এর মাধ্যমে গঠিত কমিটির মাধ্যমে প্রস্তাবিত নতুন খনির আর্থিক বিশ্লেষণ (Financial Analysis) করা হয়। এমজিএমসিএল এর ২৮-০৭-২০২৫ তারিখের পত্রের মাধ্যমে উক্ত প্রতিবেদন সংযুক্ত করে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) পদ্ধতিতে মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড-এর ২য় ফেজ তথা নতুন খনির উন্নয়ন বিষয়ে উদ্যোগ গ্রহণের নীতিগত অনুমোদনের লক্ষ্যে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের অনুরোধ জানিয়ে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়। তার প্রেক্ষিতে পেট্রোবাংলার পত্র স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০০.০৪০.৩৬.০০০২.১৯.৮৩; তারিখ: ০৭-০৮-২০২৫ এর মাধ্যমে জানানো হয় যে, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড-এর ২য় ফেজ তথা নতুন খনি পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) পদ্ধতিতে বাস্তবায়নের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদন প্রয়োজন। ২৪-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত এমজিএমসিএল পর্ষদের ৩২১তম সভায় মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড-এর ২য় ফেজ তথা নতুন খনির উন্নয়ন কার্যক্রম পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য একটি কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে:

"৫। সিদ্ধান্ত:

(ক) মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড-এর ২য় ফেজ তথা নতুন খনির উন্নয়ন কার্যক্রম পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) পদ্ধতিতে বাস্তবায়নের নিমিত্ত পিপিপি অথোরিটির সুনির্দিষ্ট ফরমেটে প্রস্তাবনা তৈরি করে পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো।"

পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী, এমজিএমসিএল-এর ২য় ফেজ তথা নতুন খনির উন্নয়ন কার্যক্রম পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) পদ্ধতিতে বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রাইভেট পার্টনারশিপ অথোরিটি (পিপিপিএ) এর নিকট প্রেরণের জন্য প্রয়োজনীয় তথ্য-উপাত্ত/ডকুমেন্ট সন্নিবেশ করে পিপিপিএ এর নির্ধারিত ফরম পূরণপূর্বক একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে প্রকল্প প্রস্তাবটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে ১০-০৯-২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলা কর্তৃক উক্ত প্রকল্প প্রস্তাবটি ১৯-০৯-২০২৫ তারিখে  জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তদপ্রেক্ষিতে মধ্যপাড়া নতুন খনির বিষয়ে যুগ্মসচিব, পরিকল্পনা-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে ২৪-১১-২০২৫ তারিখে অনলাইনে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী মধ্যপাড়া নতুন খনির উন্নয়ন কার্যক্রম (২য় ফেজ) পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) পদ্ধতিতে বাস্তবায়নের যৌক্তিকতা, কোম্পানির SWOT Analysis, গত ৫ বছরে কোম্পানির আয়-ব্যয়ের হিসাব ও অন্যান্য তথ্যাদি, প্রকল্পটি বাস্তবায়নের ফলে কোম্পানী/দেশ কীভাবে লাভবান হবে এ সংক্রান্ত তথ্যাদি সমৃদ্ধ একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক তা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য এমজিএমসিএল কর্তৃক ০৪-০১-২০২৬ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

**৩.৩) পরিবেশ অধিদপ্তর সংশিষ্ট কার্যক্রম:**

পরিবেশ অধিদপ্তর সংশ্লিষ্ট কোন ইস্যু না থাকায় যোগাযোগ করার প্রয়োজন হয়নি।

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

**৩.৪) পরিবেশগত ছাড়পত্র নবায়ন:**

পরিবেশ অধিদপ্তর, দিনাজপুর কর্তৃক পরিবেশগত ছাড়পত্র নবায়ন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

**৩.৫) ইএন্ডজি শাখার ফেব্রুয়ারি, ২০২৬ মাসের উল্লেখযোগ্য কার্যক্রম:**

এমজিএমসিএল এর পরিবেশগত ব্যবস্থাপনা কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। এমজিএমসিএল এর বাযুতে ডাস্ট এর পরিমাণ কমানোর জন্য পানির স্প্রে কার্যক্রম নিয়মিতভাবে চলমান রয়েছে। তরল বর্জ্যসমূহ আঁকাবাঁকা ড্রেনের মাধ্যমে পরিশোধনের পর গিলনাই নদীতে নিষ্কাশন করা হচ্ছে। এমজিএমসিএল এর পরিবেশ পরিচ্ছন্ন ও দূষনমুক্ত রাখার জন্য কঠিন বর্জ্য সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে ডাম্পিং করা হয়। উপরোক্ত সকল কার্যক্রম মনিটরিং করা হয়েছে।

**৩.৬) বিস্ফোরক ক্রয়, ব্যবহার, মজুদ সংক্রান্ত বিবরণী:**

| Sl. No. | Name of Explosives | Opening Balance (01-02-2026) | Used | Sold/Loan Repayment | Import | Closing Balance (28-02-2026) |
|---|---|---|---|---|---|---|
| 1. | Emulsion Explosive, Ø 50mm (SALVO, India), Inv. No. 1/E-01, Dated: 16-05-2025 | 5,438.50 kg | 4,312.50 kg | - | - | 1,126.00 kg |
| | Emulsion Explosive, Ø 50mm (SUPER SHIV SHAKTI), Inv. No. ssscpl/EXPORT/-002, Dated: 27-08-2025 | 10,000.00 kg | - | - | - | 10,000.00 kg |
| | Emulsion Explosive, Ø 50mm (SUPER SHIV SHAKTI), Inv. No. ssscpl/EXPORT/-004, Dated: 13-01-2026 | 20,000.00 kg | - | - | - | 20,000.00 kg |
| | Emulsion Explosive, Ø 32mm (SUPER SHIV SHAKTI), Inv. No. ssscpl/EXPORT/-003, Dated: 12-11-2025 | 3,818.40 kg | 3,818.40 kg | - | - | Nill |
| | Emulsion Explosive, Ø 32mm (SUPER SHIV SHAKTI), Inv. No. ssscpl/EXPORT/-004, Dated: 13-01-2026 | 105,000.00 kg | 21,781.20 kg | - | - | 83,218.80 kg |
| | **Total Emulsion Explosive =** | **144,256.90 kg** | **29,912.10 kg** | - | - | **114,344.80 kg** |

| Sl. No. | Name of Explosives | Opening Balance (01-02-2026) | Used | Sold/Loan Repayment | Import | Closing Balance (28-02-2026) |
|---|---|---|---|---|---|---|
| | Delay Electric Detonator (REGENESIS, India), SDD Inv. No. RIPL/EXP/BD/027, Dated: 08.01.2022 | 9,269 PCS | - | - | - | 9,269 PCS |
| | Delay Electric Detonator (REGENESIS, India), LDD Inv. No. RIPL/EXP/BD/027, Dated: 08.01.2022 | 49,587 PCS | - | - | - | 49,587 PCS |
| | Delay Electric Detonator (SALVO, India), SDD, Inv. No. 1/E-03, Dated: 16.07.2024 | 4,479 pcs | 376 pcs | - | - | 4,103 pcs |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 2. | Delay Electric Detonator (SALVO, India), LDD, Inv. No. 1/E-03, Dated: 16.07.2024 | 23,931 pcs | 5,278 pcs | - | - | 18,653 pcs |
| | Delay Electric Detonator (SALVO, India), SDD, Inv. No. 1/E-09, Dated: 02.12.2024 | 39,599 Pcs | 4,096 Pcs | - | - | 35,503 Pcs |
| | Delay Electric Detonator (SALVO, India), LDD, Inv. No. 1/E-09, Dated: 02.12.2024 | 34,464 Pcs | 3,080 pcs | - | - | 31,384 Pcs |
| | Delay Electric Detonator (SALVO, India), SDD, Inv. No. 1/E-15, Dated: 22 February 2025 | 875 Pcs | - | - | - | 875 Pcs |
| | Delay Electric Detonator (SALVO, India), LDD, Inv. No. 1/E-15, Dated: 22 February 2025 | 60,375 Pcs | - | - | - | 60,375 Pcs |
| | **Total Electric Detonator =** | **222,579 PCS** | **12,830 pcs** | - | - | **209,749 PCS** |

| Sl. No. | Name of Explosives | Opening Balance (01-02-2026) | Used | Sold/Loan Repayment | Import | Closing Balance (28-02-2026) |
|---|---|---|---|---|---|---|
| | Detonating Cord (SUPER SHIV SHAKTI), Inv. No. ssscpl/EXPORT/-002, Dated: 27-08-2025 | 255,785 m | 93,575 m | - | - | 162,210 m |
| | Detonating Cord (SUPER SHIV SHAKTI), Inv. No. ssscpl/EXPORT/-004, Dated: 13-01-2026 | 900,000 m | - | - | - | 900,000 m |
| | **Total Detonating Cord =** | **11,55,785 m** | **93,575 m** | - | - | **10,62,210 m** |

| Sl. No. | Name of Explosives | Opening Balance (01-02-2026) | Used | Sold/Loan Repayment | Import | Closing Balance (28-02-2026) |
|---|---|---|---|---|---|---|
| 4. | Ammonium Nitrate, INV/110225MGMCL01-2: Date: 22 May 2025 (Turkey) | 3,875 kg | - | - | - | 3,875 kg |
| | Ammonium Nitrate, INV/110225MGMCL01-3: Date: 24 July 2025 (Turkey) | 57,925 kg | 28,550 Kg | - | - | 29,375 kg |
| | Ammonium Nitrate, INV/110225MGMCL01-4: Date: 15 August 2025 (Turkey) | 40,000 Kg | - | - | - | 40,000 Kg |
| | **Total Ammonium Nitrate =** | **101,800 kg** | **28,550 kg** | - | - | **73,250 Kg** |

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

৩.৭) বছর ভিত্তিক গ্রানাইট পাথর বিক্রয়ের পরিমাণ:

(মেট্রিক টন/মিলিয়ন টাকা)

| অর্থবছর | বিক্রয় (মেট্রিক টন) | বিক্রয়লব্দ অর্থের পরিমাণ (মিলিয়ন টাকা) |
|---|---|---|
| ২০২০-২০২১ | ১২,৮৭,৬৮৭.০০ | ২,৯৮৯.২৯ |
| ২০২১-২০২২ | ১০,৯৬,২৪৪.০০ | ২,৫৩৭.৩৮ |
| ২০২২-২০২৩ | ৫,৭১,৭২০.৪৩ | ১,৯৫৩.৬০ |
| ২০২৩-২০২৪ | ৯,০৬,৫০৯.২৭ | ২,৭৪৮.১৩ |
| ২০২৪-২৫ | নগদ: ৯,৫১,৮৯৭.০২<br>বকেয়া: ৪০,৮৫৮.১৯০ | নগদ: ২,৫৬৪.৯১<br>ক্রেডিট বকেয়া (লোডিং চার্জ বাদে): ১৪৯.১৩ |
| | মোট: ৯৯২,৭৫৫.২১০ | মোট: ২,৭১৪.০৪ |
| ২০২৫-২৬ | নগদ: ৫,৯৬,৮৩৫.০০<br>ক্রেডিট: ৮৮,১১০.০০ | নগদ: ১,৬৭৮.৭৯৯<br>ক্রেডিট বকেয়া (লোডিং চার্জ বাদে): ৩২১.৬০১ |
| | মোট: ৬,৮৪,৯৪৫.০০ | মোট: ২,০০০.৪০০ |

৩.৮) ফেব্রুয়ারি, ২০২৬ মাসে পাথর বিক্রয়ের বিবরণী:

| মাসের নাম | গ্রানাইট পাথর বিক্রয় (মেট্রিক টন) | মোট টাকার পরিমাণ (মিলিয়ন টাকা) |
|---|---|---|
| ফেব্রুয়ারি, ২০২৬ | নগদ: ৭৯২৭৫.০০০<br>ক্রেডিট: ৪৭৫৮.৮৪০ | ২২৪.৬৮৯<br>১৭.৩৭০ |
| | মোট: ৮৪০৩৩.৮৪০ | ২৪২.০৫৯ |

৩.৯) পাথর বিক্রয় ত্বরান্বিতকরণের লক্ষ্যে মার্কেটিং ও সেলস্ বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ:

- বাংলাদেশ রেলওয়ের ঠিকাদারগণের নিকট ক্রেডিটে ব্যালাস্ট পাথর সরবরাহের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চল ও পূর্বাঞ্চল এবং এমজিএমসিএল এর মধ্যে স্বাক্ষরিত দুটি দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) এর আওতায় ফেব্রুয়ারি-২০২৬ মাস পর্যন্ত মোট ১,৯৫,৪৯৬.৩৭ মেট্রিক টন পাথরের সরবরাহ আদেশের বিপরীতে সর্বমোট ১,২৮,৯৬৮.২ মেট্রিক টন ব্যালাস্ট পাথর বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চল ও পূর্বাঞ্চল-এর মনোনীত ঠিকাদারের নিকট সরবরাহ প্রদান করে বিল দাখিল করা হয়েছে। বিল বাবদ বাংলাদেশ রেলওয়ে হতে সর্বমোট ৩,৯৫,১৪,৩৩০.০০ টাকা চেকের মাধ্যমে এমজিএমসিএল গ্রহণ করেছে এবং অবশিষ্ট ৪৩৮,৯৫৭,৬৩৬.৩৫ টাকার বিল পাওনা রয়েছে।
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডি জোনের অন্তর্ভুক্ত জেলাসমূহ যেমন: বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও ইত্যাদি এর নদীশাসন ও রক্ষণাবেক্ষণ কাজের ডিজাইনে এমজিএমসিএল এর বোল্ডার পাথর অন্তর্ভুক্ত করে ডিপিপি প্রনয়ণ পূর্বক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানির মার্কেটিং বিভাগের কর্মকর্তাগণ নিয়মিত যোগাযোগ রক্ষা করছেন।
- National Development Eng. Ltd রংপুর জেলায় "Construction of Primary school cum flood shelter with street light Lightening protection & Connecting roads" প্রকল্পের কাজে এমজিএমসিএল এর ৫-২০ মি.মি. সাইজের পাথরের L.A value পরীক্ষা করে মানসম্মত পায় এবং ব্যবহারের বিষয়ে আশ্বস্ত করেন।

- কোম্পানির মার্কেটিং বিভাগ কর্তৃক shangliang international trading Co. Ltd, ইউনাইটেড গ্রুপ, মীর কনক্রিট লিমিটেড, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি প্রতিষ্ঠান প্রধানগণের সাথে সাক্ষাৎ পূর্বক এমজিএমসিএল এর পাথর ব্যবহারের বিষয়ে অনুরোধ জানানো হয়েছে।
- লালমনিরহাট, নীলফামারী ও বগুড়া জেলায় ওয়ার্ল্ড ব্যাংকের অর্থায়নে নির্মিত সাইক্লোন সেন্টার নির্মাণে মধ্যপাড়া খনির ৫-২০ মি.মি. আকার পাথর ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে।
- ৩২৯ তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭-০১-২০২৬ তারিখ হতে ১০% কমিশনে ৩২৮৫ টাকা প্রতি টন তিন মাসের জন্য সর্বোচ্চ ২ লক্ষ মেট্রিক টন ব্যালাস্ট পাথর বিক্রিয় করা হচ্ছে। উল্লেখ্য যে, ০৭-০১-২০২৬ হতে ২৮-০২-২০২৬ পর্যন্ত নগদে ১০% কমিশনে ৮,২১০ মেট্রিক টন ব্যালাস্ট পাথর বিক্রিয় করা হয়েছে।
- খনি হতে উৎপাদিত ৬০-৮০ মি.মি. আকার পাথর ভেঙে ০৫-২০ মি.মি. আকার পাথরে পরিণত করার লক্ষ্যে উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে নিয়োগকৃত ঠিকাদারের মাধ্যমে ক্রাশিংকৃত ৫-২০ মি.মি., ২০-৪০ মি.মি. এবং স্টোন ডাস্ট বিক্রিয় কাজ চলমান আছে।

প্রতিবেদন কাল: ফেব্রুয়ারী ২০২৬

## ৩) এসওএন্ডএম ডিভিশন

**৪.১) ২৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত স্ট্যাক ইয়ার্ডের আনুমানিক পাথরের মজুদ ও ধারণ ক্ষমতা সংক্রান্ত বিবরণী:**

এমজিএমসিএল-এর খনি হতে উৎপাদিত আকার ভিত্তিক গ্রানাইট পাথরের বর্তমান বিক্রয়মূল্য, খনি ও আবাসিক এলাকায় আনুমানিক মজুদ, খনি এলাকার স্ট্যাক ইয়ার্ডে সম্ভব্য ধারণক্ষমতা ও ব্যবহারকারী প্রতিষ্ঠানের বিবরণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | পাথরের আকার | গ্রানাইট পাথরের বিক্রয়মূল্য/ প্রতি টন (বাংলাদেশী টাকায়) | মজুদ পাথরের পরিমাণ (মেট্রিক টন) (আনুমানিক) (২৮-০২-২০২৬ পর্যন্ত) | | খনি এলাকার স্ট্যাক ইয়ার্ডে আনুমানিক ধারণক্ষমতা (মেট্রিক টন) | ব্যবহারকারী ও ব্যবহারের ক্ষেত্রসমূহ |
|---|---|---|---|---|---|---|
| ১ | স্টোন ডাস্ট | ১,১৫০.০০ | খনি | ১,২১,৫০০ | ১,৫০,০০০.০০ | এলজিইডি এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের রাস্তার সিলকোট কাজে ব্যবহৃত হয়। এছাড়াও ব্লক নির্মাণ কাজে ও সিমেন্ট উৎপাদনের কাঁচামাল হিসেবে ব্যবহার করা হয়। |
| | | | আবাসিক | ২,৩০০ | | |
| | | | মোট | ১,২৩,৮০০ | | |
| ২ | ০৫-২০ মি.মি. | ৩,২৫০.০০ | খনি | ৪১,৫০০ | ৯০,০০০.০০ | এলজিইডি, গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন স্থাপনা নির্মাণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের রাস্তা ও ব্রীজ নির্মাণ, বিমান বন্দরের রানওয়ে নির্মাণ, পর্যটন মন্ত্রণালয়ের অধীন হোটেল ও আবাসন নির্মাণ, এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, ফ্লাইওভার নির্মাণ, সড়ক সেতু নির্মাণ, রেলসেতু নির্মাণ, পানি উন্নয়ন বোর্ড-এর নদী শাসনে ব্লক নির্মাণ ইত্যাদি কাজে ব্যবহৃত হয়। |
| | | | আবাসিক | ২,৫০০ | | |
| | | | মোট | ৪৪,০০০ | | |
| ৩ | ২০-৪০ মি.মি. | ৩,৬০০.০০ | খনি | ১০,০০০ | ১৫,০০০.০০ | এলজিইডি, গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন স্থাপনা নির্মাণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের রাস্তা ও ব্রীজ নির্মাণ, বিমান বন্দরের রানওয়ে নির্মাণ, পর্যটন মন্ত্রণালয়ের অধীন হোটেল ও আবাসন নির্মাণ, এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, ফ্লাইওভার নির্মাণ, সড়ক সেতু নির্মাণ, রেলসেতু নির্মাণ, পানি উন্নয়ন বোর্ড-এর নদী শাসনে ব্লক নির্মাণ ইত্যাদি কাজে ব্যবহৃত হয়। |
| | | | আবাসিক | ৩,৩০০ | | |
| | | | মোট | ১৩,৩০০ | | |
